



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345  
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২১/৭৮

১৯ জুন ২০২১ইং

## সম্মানিত সদস্যগণের জন্য


প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই জানেন যে, বর্তমানে ঢাকা-গাজীপুর সড়কপথে বাস র্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের কাজ চলমান থাকায় রাস্তায় অত্যধিক যানজটের কারণে তৈরী পোশাক শিল্পের মালিক, শ্রমিক, কর্মকর্তা/কর্মচারীসহ সকলের কারখানা/গন্তব্যে পৌঁছাতে স্বাভাবিক সময়ের চেয়ে বেশি সময় লাগছে বিধায় চরম ভোগান্তি ও দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন। যা তৈরী পোশাক শিল্পের উৎপাদন কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়ছে। এহেন পরিস্থিতি থেকে উত্তরণের জন্য বিজিএমইএ ম্যানেজমেন্টের অনুরোধের প্রেক্ষিতে যাত্রী দুর্ভোগ কমাতে সরকার আগামী ২০ জুন ২০২১ইং তারিখ থেকে ঢাকা-গাজীপুর রুটে তুরাগ এক্সপ্রেস, ঢাকা-যমুনা সেতু (পূর্ব) রুটে টাঙ্গাইল কমিউটার ও ঢাকা-কালিয়াকৈর হাইটেক পার্ক রুটে কালিয়াকৈর কমিউটার নামে তিনটি বিশেষ ট্রেন সেবা চালু করতে যাচ্ছে।

সম্মানিত সদস্যগণকে উক্ত ট্রেনগুলোতে যাতায়াত সুবিধা গ্রহণের মাধ্যমে কারখানায় উৎপাদন স্বাভাবিক রেখে দেশের অর্থনীতিতে তৈরী পোশাক শিল্পের অবদান আরও বেশী গতিশীল করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফরজুর রহমান  
মহা-সচিব